

সরকারের পক্ষ থেকে বিনামূল্যে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে আগামী ৭ থেকে ১২ই আগস্ট ২০২১ পর্যন্ত দেশব্যাপী কোভিড-১৯ ভ্যাকসিনেশন ক্যাম্পেইন চলবে

কোথায়, কখন ও কিভাবে

- আগামী ৭ থেকে ১২ই আগস্ট পর্যন্ত ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে নির্ধারিত টিকা কেন্দ্রে সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত কোভিড-১৯ ভ্যাকসিন দেওয়া হবে
- সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকায়ও প্রতি ওয়ার্ডে ৭ থেকে ১২ই আগস্ট পর্যন্ত ভ্যাকসিন দেওয়া হবে
- যাদের বয়স ১৮ বছর বা তদুর্ধ্ব তাদেরকে জাতীয় পরিচয়পত্র সহ নির্ধারিত টিকা কেন্দ্রে এসে ভ্যাকসিন গ্রহণ করার জন্য অনুরোধ করা হচ্ছে
- প্রথম ২ ঘন্টা শুধুমাত্র নারী ও ৫০ বছরের উপরে সকল পুরুষকে ভ্যাকসিন দেওয়া হবে
- যারা ইতিমধ্যে অনলাইনে নিবন্ধন করেছেন তাদেরকে নিবন্ধনের সময় উল্লেখিত টিকা কেন্দ্রে এসে ভ্যাকসিন গ্রহণ করার জন্য অনুরোধ করা হচ্ছে

কোভিড-১৯ ভ্যাকসিন নেওয়ার পরে করণীয়

- ভ্যাকসিন নেওয়ার পর টিকা কেন্দ্রে ৩০ মিনিট অপেক্ষা করুন
- ভ্যাকসিন নেওয়ার পর যেকোনো রকম শারীরিক সমস্যা/অসুবিধা হলে সাথে সাথে টিকাদান কর্মীকে খবর দিন। প্রয়োজনে নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করুন

মনে রাখবেন কোভিড-১৯ ভ্যাকসিন নেওয়ার পরেও জরুরী কাজে ঘরের বাইরে গেলে অবশ্যই সঠিক ভাবে মাস্ক ব্যবহার করতে হবে। একে অপর হাতে অন্ততপক্ষে ৩ ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে। সাবান ও পানি দিয়ে ঘন ঘন ২০ সেকেন্ড ধরে দুই হাত ধুতে হবে। হাঁচি-কাশির সময় হাত/কমল দিয়ে নাকমুখ ঢেকে নিতে হবে।

টিকা কেন্দ্রে আসার সময় অবশ্যই মাস্ক পরতে হবে



বাংলাদেশ সরকার সবাইকে পর্যায়ক্রমে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানে বন্ধপরিকর

সঠিক তথ্যের প্রয়োজনে ১৬২৬৩ অথবা ৩৩৩ হেল্প লাইনে ফোন করুন।

